

কম্পিউটার সাইন্স এন্ড টেকনোলজি

মাল্টিমিডিয়া ক্লাসরুমের সুবিধা:

মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের অনেকগুলো সুফল রয়েছে। যেমন-

- অল্প সময়ে অনেকগুলো মাধ্যম ব্যবহার করে অনেক তথ্য উপস্থাপন করা যায়।
- বিভিন্ন শিখন চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিখন চাহিদা একই শ্রেণিকক্ষে মেটানো সম্ভব হয়।
- পাঠকে বাস্তবতার নিরিখে উপস্থাপন করা যায়।
- বিমূর্ত বিষয়কে বাস্তবসম্মতভাবে উপস্থাপন করা যায়।
- শিক্ষার্থীদের শিখন স্থায়ী হয়।
- একই সাথে বিভিন্ন উপকরণ ব্যবহার করার সুযোগ থাকে।
- সকল শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করা যায়।
- শেখানো কার্যক্রমকে আনন্দময় করা যায়।
- পাঠে বৈচিত্র্য আনা যায়।
- একই তথ্য বারবার দেখানো যায়। পিছিয়ে পড়া শিক্ষার্থীরা পাঠটি অনুধাবনে সুযোগ পায়।
- একই উপকরণ বিভিন্ন ক্লাসে ব্যবহার করা যায়। এতে শিক্ষকের পরিশ্রম কমে আসে।
- সর্বাধুনিক তথ্য ও ব্যাখ্যা উপস্থাপন করা যায়।